আজকের কাগজ

তারিখ 28 DEC 1992
পৃষ্ঠা ৬ কলাম ২

84

27

# পটুয়াখালী, ভোলা ও বরগুনা জেলায় বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা ব্যাহত

বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা কর্মসূচি চালু করার এক বছর পরেও পটুয়াখালীসহ দক্ষিণাঞ্চলের ৩টি জেলা সদর থানায় প্রায় ১৪ হাজার শিশু প্রাথমিক শিক্ষা থেকে বঞ্চিত রয়েছে। সরকার সারাদেশে সবার জন্যে শিক্ষা কার্যক্রমের আওতায় বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা প্রবর্তনের সিদ্ধান্ত নেয়। আগামী ২০০০ সাল নাগাদ সবার জন্যে শিক্ষা নিশ্চিত করাই এ কর্মসূচির মূল উদ্দেশ্য।

এ কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে জেলা, থানা, পৌরসভা ও ওয়ার্ড পর্যায়ে বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা কমিটি গঠন করা হয়েছে। এ কমিটির দায়িত্ব ও কর্তব্য হচ্ছে, সংশ্লিষ্ট এলাকার ৬ থেকে ১০ বছর বয়সের সকল শিশুদের তালিকা প্রস্তুত, তাদেরকে প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি ও বিদ্যালয়ে উপস্থিতি নিশ্চিত করা। বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা আইনের আওতায় দায়িত্ব কর্তব্য পালনে ব্যর্থ কমিটি এবং শিশু অভিভাবকের বিরুদ্ধে অনধিক ২শ' টাকা অর্থদণ্ডের বিধান রাখা হয়েছে।

শিক্ষা বিভাগ বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা কর্মসূচির আওতাভুক্ত এলাকায় এক শিশু জরিপ চালায়। এ জরিপে দেখা গেছে, পটুয়াখালী, বরগুনা ও ভোলা জেলার ৩টি সদর থানায় শিশু শিক্ষার চিত্র অত্যন্ত করুণ। এ ৩টি থানায় বিদ্যালয় গমনোপযোগী প্রায় ১৪ হাজার ছাত্র-ছাত্রী শিক্ষা থেকে বঞ্চিত রয়েছে। সংশ্লিষ্ট দপ্তরের জরিপে যে তথ্য রয়েছে বাস্তবে তার অনেক বেশি বলে বেসরকারিভাবে জানা গেছে। পটুয়াখালী থেকে জিএম তালুকদার।